সংবাদ

তারিখ : 12 OCT 2016
পৃষ্ঠা : ৩ কলাম : ৬

# শিক্ষকদের মর্যাদা নিশ্চিত করার দাবি শিক্ষক সমিতির

**নিজস্ব বার্তা পরিবেশক**

৫% ইনক্রিমেন্ট ও বৈশাখী ভাতাসহ শিক্ষকদের মর্যাদা নিশ্চিত করার দাবি জানিয়েছে শিক্ষক সমিতি। গতকাল প্রেসক্লাবে অনুষ্ঠিত এক আলোচনা সভায় এসব দাবি জানানো হয়।

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি মো. আবুল বাশার হাওলাদার। সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক মো. আখতারুজ্জামান, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল, কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাহী সভাপতি অধ্যক্ষ আবদুর রশিদ, সাধারণ সম্পাদক সিরাজুল হক আলো ও সংগঠনের মহাসচিব আবদুস ছালাম খানসহ অন্যরা বক্তব্য রাখেন।

বক্তারা বলেন, জাতির জনক শিক্ষকদের সর্বোচ্চ মর্যাদা দিয়েছিলেন। তারই যোগ্য উত্তরসূরি প্রধানমন্ত্রী শেখ হাসিনা বর্তমানে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। তাই শিক্ষক সম্প্রদায়ের মর্যাদা নিশ্চিত করার এখনই উপযুক্ত সময়। একটি কথা মনে রাখতে হবে শিক্ষাই জাতির মেরুদণ্ড, আর এই মেরুদণ্ড সোজা রাখার কাজ করেন শিক্ষকরা। তাই শিক্ষকদের মর্যাদা অন্য যে কারো তুলনায় বেশি।

বক্তারা আরও বলেন, শিক্ষকদের জাতীয় বেতন স্কেলের অন্তর্ভুক্ত করতে কোন আন্দোলনের প্রয়োজন হয়নি। শিক্ষকের মর্যাদার প্রতি শ্রদ্ধাশীল হয়েই বর্তমান সরকার তা করেছে। তবে শিক্ষকদের অবসরভাতা প্রাপ্তিতে এখনও জটিলতা রয়ে গেছে। এছাড়াও স্বয়ংক্রিয় ৫% ইনক্রিমেন্ট ও বৈশাখী ভাতা শিক্ষকরা পান না।